

যায়যায়দিন

তারিখ 29 JAN 2008

পৃষ্ঠা ৩ পৃষ্ঠা ২

৩৩

Report

আইইউবিতে আন্তর্জাতিক পুরস্কারপ্রাপ্ত শিক্ষা কার্যক্রম

সম্প্রতি ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশে (আইইউবি) আমেরিকার মিনেসোটা স্টেটের বিভিন্ন কলেজ ও ইউনিভার্সিটির ২০ জন শিক্ষার্থী এক মাসব্যাপী তাদের বাংলাদেশে শিক্ষা সফর সম্পন্ন করছে। উল্লেখ্য, ১৯৯৯ সাল থেকে প্রতি বছর আইইউবি ও আমেরিকার হায়ার এডুকেশনাল কনসোর্টিয়ামের আরবান অ্যাকাডেমির যৌথ উদ্যোগে এই কর্মসূচি পরিচালিত হচ্ছে। যৌথ এ প্রোগ্রামটি ২০০৬ সালে আমেরিকার ইন্সটিটিউট অফ ইন্টারন্যাশনাল এডুকেশনের সম্মানসূচক অ্যান্ড হিসকেল অ্যাওয়ার্ডে ভূষিত হয়।

আইইউবির স্কুল অফ এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক প্রফেসর হারুন অর রশীদ এবং আমেরিকার ম্যাকলেস্টার কলেজের ধর্মতত্ত্বের প্রফেসর জিম লেইনের যৌথ তত্ত্বাবধানে সফরকারী শিক্ষার্থীরা বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষা, ক্ষুদ্র ঋণ, গ্রামীণ অর্থনীতি, কৃষিসহ বিভিন্ন বিষয়ে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করে। তারা দুই সপ্তাহ মানিকগঞ্জে এবং এক সপ্তাহ শ্রীমঙ্গলে অবস্থান করে। ঢাকায় অবস্থানকালে শিক্ষার্থীরা জাতীয় নিদর্শনগুলো এবং শহরের বিভিন্ন বস্তি এলাকা পরিদর্শন করে। বিজ্ঞপ্তি